গ্রন্থাগারে বই পড়ি
আলোকিত মানুষ গড়ি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার
কুষ্টিয়া।
http://publiclibrary.kushtia.gov.bd

স্মারক নং-৪৩.২৬.৫০০০.০০৩.২৩.০০২.০৯.৫৮(৬০) তারিখঃ ২৬/১১/২০১৯ খ্রি.

মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষে রচনা ও বইপাঠ প্রতিযোগিতা।

মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, কুষ্টিয়ায় নিম্নোক্ত বিষয়ে রচনা, বইপাঠ ও চিত্রাংকন প্রতিযোগিতার এবং পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। আগ্রহী সকলকে শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতার বিষয় ও গ্রুপ বিভাজন নিম্নরূপ ঃ

ক্র.ন.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার স্থান ও সময়সীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	আমাদের বিজয় দিবস	১০০০	এই কার্যালয়ে **১৭/১২/২০১৯ খ্রি.** তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে।
২.	খ	নবম- দ্বাদশ	বিজয় দিবসের উৎসব	১২০০	
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	মুক্তিযুদ্ধে বিদেশীদের ভূমিকা	১৫০০	
৪.	ঘ	সর্বসাধারণ	সাহিত্য ও সংস্কৃতিতে মুক্তিযুদ্ধ	১৮০০	

খ) চিত্রাংকন প্রতিযোগিতার গ্রুপ বিভাজন নিম্নরূপ ঃ

ক্র.ন.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	চিত্রাংকন প্রতিযোগিতার স্থান ও সময়
১.	ক	অনুর্ধ-৭ বছর (জন্মসাল ২০১২ হতে বর্তমান পর্যন্ত)	উন্মুক্ত	এই কার্যালয়ে ১৭/১২/২০১৯ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায়।
২.	খ	অনুর্ধ-১২ বছর (জন্মসাল ২০০৭ হতে ২০১১ পর্যন্ত)	বিজয় দিবসের আনন্দ	
৩.	গ	প্রতিবন্ধী	বাংলাদেশের প্রাকৃতিক দৃশ্য	

খ) বইপাঠ প্রতিযোগিতা ঃ বইপাঠ প্রতিযোগিতার ফরম এই গণগ্রন্থাগার থেকে **১৭/১২/২০১৯ খ্রি.** তারিখ পর্যন্ত গণগ্রন্থাগার খোলা থাকা সাপেক্ষে (শনিবার থেকে বুধবার সরকারি ছুটির দিন ব্যাতিত) যেকোন সময় সংগ্রহ করে পূরণকৃত ফরম এই গণগ্রন্থাগারে জমা দিতে হবে এবং পঠিত বইসমূহ এই গণগ্রন্থাগারের রক্ষিত বই হতে হবে।

গ) **পুস্তক প্রদর্শনী ঃ** জেলা সরকারি গণগ্রন্থাগার, কুষ্টিয়া কার্যালয়ে আগামী ১৭.১২.২০১৯ খ্রি. ও ১৮.১২.২০১৯ খ্রি. তারিখ ০২ (দুই) দিনব্যাপী মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

শর্তাবলী ঃ

১। রচনা A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না। একাধিক কাগজ ব্যবহার করা যাবে।
২। ছাত্র-ছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন অথবা বিশেষ ক্ষেত্রে পরিচয়পত্রের ফটোকপি সহ জমা দিতে হবে।
৩। **ছাত্র-ছাত্রীদের পূর্ণনাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণি, রোল নং সহ মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।**
৪। ঘ গ্রুপের ক্ষেত্রে ঠিকানা উল্লেখ পূর্বক জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৫। রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৬। বিজ্ঞপ্তিটি ফেসবুক পেজ www.facebook.com/dgplkushtia ও ওয়েব পোর্টাল http://publiclibrary.kushtia.gov.bd/ ঠিকানায় পাওয়া যাবে।

২৬/১১/১৯
(মুনমুন)
সহকারী লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার, কুষ্টিয়া।
ফোনঃ ০৭১-৬১৭৬১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ
১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
২। উপজেলা নির্বাহী অফিসার, সদর/মিরপুর/ভেড়ামাড়া/দৌলতপুর/কুমারখালি/খোকসা, কুষ্টিয়া (উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে অবহিত করার জন্য অনুরোধসহ)।
৩। জেলা শিক্ষা/প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া (জেলার বিভিন্ন প্রাথমিক/মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করার অনুরোধসহ)।
৪। সিনিয়র তথ্য অফিসার, কুষ্টিয়া/ জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, কুষ্টিয়া/জেলা কালচারাল অফিসার, কুষ্টিয়া (নোটিশ বোর্ড ও প্রচারের জন্য অনুরোধসহ)।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর/কুমারখালি/খোকসা,কুষ্টিয়া (উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে অবহিত করার জন্য অনুরোধসহ)।
৬। প্রিন্সিপাল, ...(নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের জন্য অনুরোধসহ)।
৭। প্রধান শিক্ষক, ... (নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের জন্য অনুরোধসহ)।
৮। .....।
৯। অফিস কপি/নোটিশ বোর্ড।